

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.২১৩

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০

০৮ মে ২০২৩

বিষয়: “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে বোরো সংগ্রহ ২০২৩ মৌসুমে কৃষকের নিকট হতে ধান সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বোরো সংগ্রহ ২০২৩ মৌসুমে আগামী ০৭ মে ২০২৩ হতে ৩১ আগস্ট ২০২৩ পর্যন্ত দেশব্যাপী প্রায় ৩০০টি উপজেলায় “কৃষকের অ্যাপ” পাইলট আকারে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে কৃষক নিবন্ধন, ধান বিক্রয়ের আবেদন ও সংগ্রহের সময়সীমা সম্পর্কে কৃষকদের অবহিত করার জন্য স্থানীয় পর্যায়ে বহুল প্রচারণা চালানো প্রয়োজন। এক্ষণে, মাঠ-পর্যায়ে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- ৩০২টি উপজেলায় “কৃষকের অ্যাপ” এর মাধ্যমে ধান ক্রয় কার্যক্রম সম্পাদন করতে হবে;
- প্রশিক্ষণ সিডিউল অনুযায়ী সংশ্লিষ্ট সকল ইউএনও/উপজেলা কৃষি কর্মকর্তাসহ খাদ্য অধিদপ্তরের মাঠপর্যায়ের সংশ্লিষ্ট মনোনীত কর্মকর্তা/কর্মচারীগণকে জুমের মাধ্যমে ভারুয়াল কর্মশালায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;
- খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dgfood.gov.bd এর নীচের অংশে সংযোজিত “কৃষকের অ্যাপ” সেবা বক্সে 'প্রশিক্ষণ ও প্রচারণার অডিও/লিফলেট' এর "গাইড লাইন - কৃষকের অ্যাপ" হতে ভিডিও টিউটোরিয়াল ডাউনলোড করে অ্যাপ ব্যবহার সম্পর্কে ইউএনও/উপজেলা কৃষি কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে;
- ওয়েবসাইটের উল্লিখিত বক্স হতে কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রমের জন্য প্রস্তুতকৃত লিফলেট (সংযুক্ত: লিফলেট) ও তৈরিকৃত অডিও ডাউনলোড করে মাইকিংয়ের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলার সকল ইউনিয়নে প্রচার করতে হবে;
- ওয়েবসাইটের উল্লিখিত বক্স হতে প্রস্তুতকৃত পোস্টার (লিফলেট/পোস্টার) উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সংযোগ স্থান, বাজার, মসজিদের প্রধান ফটকের বিপরীতে এবং দৃষ্টিগোচর হয় এমন স্থানে স্টেটে দিতে হবে;
- প্রস্তুতকৃত লিফলেট জনসমাগম স্থানে যেমন মসজিদ/মন্দির ও স্থানীয় হাট-বাজারে বিতরণ করতে হবে;
- প্রস্তুতকৃত লিফলেট ইউনিয়ন চেয়ারম্যান, মেম্বার ও স্থানীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের কাছে পৌঁছে দিতে হবে;
- উপ-সহকারী কৃষি কর্মকর্তার উঠান বৈঠকে উপস্থিত হয়ে প্রস্তুতকৃত লিফলেট বিতরণ করতে হবে;
- কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রমের জন্য তৈরিকৃত অডিও মাইকিংয়ের মাধ্যমে জনসমাগম স্থানে প্রচার করতে হবে;
- প্রস্তুতকৃত লিফলেট জেলা/উপজেলার ওয়েব পোর্টালে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্টার/লিফলেট প্রকাশ করে প্রচার করতে হবে;
- স্থানীয় প্রশাসনের মাধ্যমে সভা করে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান, মেম্বার, মহিলা মেম্বার, ইউডিসি উদ্যোক্তাদের অবহিত করতে হবে;
- ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তার মাধ্যমে কৃষক নিবন্ধন উৎসাহিত করতে হবে।

উপর্যুক্ত নির্দেশনাও সংযুক্তিসমূহ সংশ্লিষ্ট উপজেলায় প্রেরণও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সকল আখানি ও জেখানিগণকে অনুরোধ করা হলো।

সংযুক্ত:

১। লিফলেট/পোস্টার। অথবা ডাউনলোড লিংক:

https://drive.google.com/file/d/1P4TA0TzgnmP46O2nXgg3mAtznkylOHJ0/view?usp=share_link

২। লিফলেট ai file ডাউনলোড লিংক: https://drive.google.com/file/d/1-jeCZkhttpT6udIoZNKSl3v9nm_5w4YJd/view?usp=share_link

৩। কৃষকের অ্যাপ ডাউনলোড লিংক: https://drive.google.com/file/d/1o_WQhFihE65htE-tXBw01pMDBliAbj8f/view?usp=share_link

৪। প্রচারণার জন্য মাইকিং অডিও লিংক: https://drive.google.com/file/d/1g6IiVf-htuY1-DVD13DrL2-QDZJ2BhQo/view?usp=share_link

৮-৫-২০২৩

আব্দুল্লাহ আল মামুন

অতিরিক্ত মহাপরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫২২৭৯

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: adg@dgfood.gov.bd

বিতরণ :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

২) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০২৭.১৯.২১৩/১(৭)

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০

০৮ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক (ভারপ্রাপ্ত), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৮-৫-২০২৩

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট